

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৭০০০.০৪২.৯৯.০২৮.১৭.৬

তারিখ: ১৯ পৌষ ১৪২৯
০৩ জানুয়ারি ২০২৩

বিষয় : জেলা পরিষদের প্রথম সভা আহ্বান।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ আইন, ২০০০ এর ২২ ও ২৩ ধারায় চেয়ারম্যান ও সদস্য কর্তৃক কার্যভার গ্রহণ এবং পরিষদের প্রথম সভা অনুষ্ঠান সম্পর্কে নিম্নবর্ণিত বিধান রয়েছে:

ধারা ২২। চেয়ারম্যান ও সদস্য কর্তৃক কার্যভার গ্রহণ: চেয়ারম্যান ও সদস্যগণ পরিষদের সভায় প্রথম যে তারিখে যোগদান করিবেন সেই তারিখে তাহার স্বীয় পদের কার্যভার গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

ধারা ২৩। পরিষদের প্রথম সভা অনুষ্ঠান: ধারা ৭ এর অধীন শপথ গ্রহণ অনুষ্ঠানের পরবর্তী ত্রিশ দিনের মধ্যে পরিষদের প্রথম সভা সরকার বা উহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি আহ্বান করিবেন।

২। গত ২১ ডিসেম্বর ২০২২ তারিখে চাঁপাইনবাবগঞ্জ ও নোয়াখালী জেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

৩। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ২৩ এর আলোকে শপথ গ্রহণ অনুষ্ঠানের পরবর্তী ৩০(ত্রিশ) দিন অর্থাৎ ১৯ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে চাঁপাইনবাবগঞ্জ ও নোয়াখালী জেলা পরিষদের প্রথম সভা আহ্বানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রথম সভা অনুষ্ঠান শেষে সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।


এস এম নজরুল ইসলাম
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ/ নোয়াখালী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী/ চট্টগ্রাম।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী/ চট্টগ্রাম।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)